

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.২০১৫- ৪৪

তারিখ: মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: অনলাইনে আশ্রয়প্রার্থীর লাইসেন্স এন্ট্রি/নবায়ন সংক্রান্ত টেকনিক্যাল নির্দেশনা।

আশ্রয়প্রার্থীর লাইসেন্স প্রদান, তথ্য হালনাগাদকরণ ও নবায়ন অধিকতর জনবান্ধব এবং স্মার্ট করার লক্ষ্যে আগামী ০১/০২/২০২৪ তারিখ হতে অনলাইনে লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম সম্পন্ন করা হবে। পূর্ণাঙ্গ ডিজিটাল পদ্ধতিতে লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাগণকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

লাইসেন্স নবায়নের কার্যক্রম:

- ১.১. www.mhapsd.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে ই-সেবা/e-service মেন্যুতে ক্লিক করত: ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (ড্যামস) সাব মেন্যুতে যেতে হবে। অথবা arms.psd.gov.bd থেকে সরাসরি প্রবেশ করা যাবে। অত:পর এডমিন লগইন বাটনে ক্লিক করে জেলা ম্যাজিস্ট্রেট বা তার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা জননিরাপত্তা বিভাগ হতে প্রদত্ত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করবেন (পরবর্তীতে পাসওয়ার্ড পরিবর্তন করা যাবে)।
- ১.২. লাইসেন্স নবায়ন মেন্যু নির্বাচন করে প্রাথমিক আবেদন বাটনে ক্লিক করবেন। নবায়ন আবেদন লিস্টের বিস্তারিত মেন্যু থেকে প্রাপ্ত আবেদনসমূহের বিস্তারিত দেখা যাবে।
- ১.৩. পরবর্তী কার্যক্রমের জন্য পদক্ষেপ বাটনে গিয়ে সাক্ষাৎকারের সময় ও স্থান নির্ধারণ অথবা ড্রপ ডাউন বাটন থেকে অন্য কোন পদক্ষেপ নিতে হবে। একই সাথে সাক্ষাৎকার গ্রহণের জন্য যে কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হবে ড্রপ ডাউন থেকে উক্ত কর্মকর্তাকে নির্বাচন করতে হবে, এবং পদক্ষেপ নিন বাটনে ক্লিক করতে হবে।
- ১.৪. সাক্ষাৎকার গ্রহণকারী কর্মকর্তা জননিরাপত্তা বিভাগ কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করবেন (পাসওয়ার্ড পরবর্তীতে নিজে পরিবর্তন করতে পারবেন)।
- ১.৫. লাইসেন্স নবায়ন মেন্যু থেকে অপেক্ষমান আবেদন বাটন নির্বাচন করবেন। সাক্ষাৎকার গ্রহণপূর্বক নবায়ন মঞ্জুর করলে অনুমোদন করা হল বাটন সিলেক্ট করে পদক্ষেপ নিন মেন্যুতে ক্লিক করবেন। নবায়নযোগ্য না হলে নামঞ্জুর করা হলো অথবা ড্রপ ডাউন বাটন থেকে নির্বাচিত পদক্ষেপ সিলেক্ট করে মন্তব্যের ঘরে কারণ লিখে দেবেন। অত:পর পদক্ষেপ মেন্যুতে ক্লিক করবেন।
- ১.৬. সাক্ষাৎকার গ্রহণকারী বিস্তারিত মেন্যুতে প্রবেশ করে আবেদনকারী প্রদত্ত চালান অনলাইনে ভেরিফাই করতে পারবেন। সাক্ষাৎকার গ্রহণকারী নবায়ন অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট অস্ত্র নিজে দেখবেন।
- ১.৭. অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স নবায়নের আবেদন পাওয়া গেলে একই নিয়মে নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। নবায়ন অনুমোদনপূর্বক পদক্ষেপ নিন বাটনে ক্লিক করলে লাইসেন্স ইস্যুকারী জেলা ম্যাজিস্ট্রেটের ডাটাবেইজে নবায়নকারী কর্তৃপক্ষের নামসহ হালনাগাদ তথ্য যাবে।

বিদ্যমান লাইসেন্সের ডাটা এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলি:

২.১. অনুচ্ছেদ ১.১ নং অনুসরণে লগইন করবেন।

২.২. লাইসেন্স ব্যবস্থাপনা মেন্যুতে ক্লিক করে পুরাতন লাইসেন্স ব্যবস্থাপনা বাটনে যেতে হবে। অতঃপর যোগ করুন বাটনে ক্লিক করে লাইসেন্সের ধরণ নির্বাচন করে সংরক্ষণ বাটন ক্লিক করতে হবে।

২.৩. লাইসেন্স সম্পর্কিত তথ্যাদি পূরণ করে ব্যক্তির এনআইডি ভেরিফিকেশন করতঃ সংশ্লিষ্ট ডকুমেন্ট/কাগজাদি সংযুক্ত করে যাচাইকারীর নিকট প্রেরণ করতে হবে।

২.৪. যাচাইকারী ডাটা এন্ট্রিকারীর মতো একই নিয়মে লগইন করে পুরাতন লাইসেন্স ব্যবস্থাপনায় প্রবেশ করতঃ ডাটা যাচাইপূর্বক অনুমোদকারীর নিকট প্রেরণ করবেন। সংশ্লিষ্ট তথ্যাদির অপরিপূর্ণতা অথবা অন্য কোন ত্রুটি পরিলক্ষিত হলে এন্ট্রিকারীর নিকট ফেরত প্রদান করবেন।

২.৫. অনুমোদনকারী একই নিয়মে প্রবেশ করে অনুমোদন করবেন অথবা যাচাইকারীর নিকট ফেরত দেবেন।

৩.১. আবেদন বিষয়ে টেকনিক্যাল সমস্যা/পরামর্শের প্রয়োজনে ০১৭৫১-৬৫৩৫৯২ নাম্বারে যোগাযোগ করা যাবে।

(ইসরাত জাহান)

উপসচিব

বিতরণ:

১. জেলা ম্যাজিস্ট্রেট----- (সকল জেলা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৩. সিনিয়র সচিব/সচিব----- মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।

৫. বিভাগীয় কমিশনার----- (সকল বিভাগ)।